

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.৬৭৯

তারিখঃ ১৪/১০/২০খ্রিঃ

বিষয়ঃ WCS এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির সুফলভোগী সদস্যদের সাথে আর্থিক লেনদেন তথা ঋণ বিতরণ, ঋণ ও সঞ্চয় আদায় কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে কর্মসূচির অনলাইন সফটওয়্যার হতে WCS প্রিন্ট করে যথাযথভাবে ব্যবহার করার জন্য ইতঃপূর্বে বারংবার নির্দেশনা দেয়া হয়েছে। কিন্তু কর্মসূচির মাঠ কার্যক্রম পরিদর্শনে প্রতীয়মান হয় যে, বেশিরভাগ উপজেলায় WCS ব্যবহার করা হচ্ছে না, এমনকি ব্যবহার হলেও তা যথাযথভাবে হচ্ছে না। ফলে সুফলভোগী সদস্য হতে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের অর্থ হস্তমজুদ/আল্লাসাতের প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায়, WCS এর যথাযথ ব্যবহার নিশ্চিত করার স্বার্থে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক) মাসের শুরুর প্রতি সমিতির জন্য ০৩ সেট wcs প্রিন্ট করে (with data) ইউআরডিও কর্তৃক স্বাক্ষর গ্রহনপূর্বক একসেট উপজেলা দপ্তরে রক্ষিত বক্সফাইলে সমিতিওয়ারী সংরক্ষণ করতে হবে; একসেট সংশ্লিষ্ট মাঠসংগঠক তাঁর নিজের জন্য সংরক্ষণ করবেন এবং একসেট সংশ্লিষ্ট সমিতির সদস্যদের সঞ্চয় ও ঋণ সংক্রান্ত প্রমাণক হিসেবে সমিতির ম্যানেজারের নিকট সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

খ) নির্দেশনা অনুযায়ী বিশেষ করে ইউআরডিও কর্তৃক স্বাক্ষরিত WCS উপজেলা দপ্তর ও সমিতিতে সংরক্ষিত রয়েছে কিনা তা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নিশ্চিত করবেন।

গ) কর্মসূচি সদরদপ্তর এবং বিআরডিবি কর্তৃক গঠিত পরিদর্শন ও নীরিক্ষা টিম বিষয়টি তদারকী করবেন।

২। WCS ব্যবহার ও সংরক্ষণ সংক্রান্ত উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন না হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে।


মোহাম্মদ শাহিদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

তারিখঃ ১৪/১০/২০খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. মনিটরিং কর্মকর্তা (মনিটরিং জোরদারকরণের জন্য বলা হলো)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৬. অফিস নথি/গার্ড ফাইল।

নাসিমা আখতার
উপ-প্রকল্প পরিচালক